**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, উদ্যোগীদের সহজতর পদ্ধতিতে ব্যাঙ্ক ঋণ দেওয়া হলে আর্থ সামাজিক অবস্থা সুদৃঢ় হবে।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এ বছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আসাম এখন সীমাহীন সম্ভাবনার কেন্দ্র এবং দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতের প্রবেশদ্বার।**

**(৪) আগামীকাল মহাকুম্ভের শেষ দিন, মহা শিবরাত্রি।**

**************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, উদ্যোগীদের সহজতর পদ্ধতিতে ব্যাঙ্ক ঋণ দেওয়া হলে আর্থ সামাজিক অবস্থা সুদৃঢ় হবে। আজ আগরতলায় নাবার্ড আয়োজিত স্টেট ক্রেডিট সেমিনারের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, বিকশিত ভারত গড়তে হলে আমাদের কি পরিকল্পনা নিয়ে এগুতে হবে তার রূপরেখা এখনই ঠিক করা উচিত। তিনি বলেন, রাজ্যের প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে যদি শিল্প গড়ে তোলা যায় তাহলে রাজ্যের আর্থিক অবস্থার উন্নতি হবে। আত্মনির্ভর ভারত গড়ে তুলতে দেশীয় পণ্য সামগ্রীর ব্যবহারের উপর আরও বেশি গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, শিল্প গড়ে উঠলে কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। আগর, কুইন আনারস, রাবার, চা, বাঁশ এসব প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে শিল্প গড়ে তোলার জন্য স্থানীয়দের আরও উন্নতমানের প্রশিক্ষণ দেওয়া উচিত বলে মন্তব্য করেন তিনি।

########Byte-Governor#######

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য সচিব কিরণ গিত্যে রাজ্যের উদ্যোগীদের আরও সহজতর উপায়ে ঋণদানের সুযোগ করে দেওয়ার জন্য রাজ্যের বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানগুলির প্রতি আহ্বান জানান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ত্রিপুরা শাখার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিডর, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এ বছরের মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। মোট পরীক্ষার্থী ২৯ হাজার ৭৮১ জন। এদের মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থী ১১১ জন। আজ প্রথম দিনে ইংরেজিবিষয়ের পরীক্ষা হয়। আজকের পরীক্ষা শান্তিপূর্ণ এবং নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী।

****************************

**SIPARD :**

আগরতলা আইআইআই টির অধিকর্তা ড: অভয় কুমার আজ আগরতলার সিপার্ডে দিব্যাঙ্গ ব্যক্তিদের ক্ষমতায়নের জন্য কর্মরত প্রশিক্ষকদের জন্য এক উন্নত প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। জাতীয় শিক্ষা নীতির নির্দেশিকা অনুযায়ী, দিব্যাঙ্গ ব্যক্তিদের জন্য সার্বিক ও সমতাপূর্ণ শিক্ষা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষকদের জন্য উপযুক্ত ও কার্যকরী পাঠক্রম মতো প্রশিক্ষণ দেবার উদ্দ্যেশে এই কর্মসূচি। ড: অভয় কুমার প্রশিক্ষণ শিবিরে বলেন, দিব্যাঙ্গদের জন্য অধিকতর উন্নত ও আধুনিক প্রশিক্ষণের যথেষ্ট প্রয়োজন রয়েছে। তিনি ডিজিটাল জ্ঞান প্রদান ও প্রযুক্তি নির্ভর বিভিন্ন বিষয়ে দিব্যাঙ্গ ব্যক্তিদের জন্য প্রশিক্ষণের উপরও গুরুত্ব আরোপ করেন। প্রশিক্ষণ কর্মসূচীতে উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য থেকে ৫০ জন প্রশিক্ষক অংশ নিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দূরদর্শন কেন্দ্র ত্রিপুরার ভারপ্রাপ্ত অধিকর্তা ভি দীনেশ কুমার, ন্যাশনাল ইনস্টিটিউট ফর

লোকোমোটর ডিজঅ্যাবিলিটিজের কোলকাতা কেন্দ্রের অধিকর্তা ডঃ ললিত নারুয়া, NCERT -র সহকারী অধ্যাপিকা ড: আর শিল্পা মরুগনা, CRC-SRE- ত্রিপুরার অধিকর্তা ড: অমিত কুমার কাশ্যপ প্রমুখ।

উল্লেখ্য, কেন্দ্রীয় সামাজিক ন্যায়-বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের পৃষ্ঠপোষকতায় রাজ্য রিসোর্স সেন্টার এর উদ্যোগে গৃহীত এই কর্মসূচিতে প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিজঅ্যাবিলিটিজ। এতে সহযোগিতা করছে নর্থ ইস্ট রিজিওন্যাল ইনস্টিটিউট অফ এডুকেশন। পাঠক্রম সহযোগিতা ও আর্থিক সাহায্য করেছে ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং, এনসিআরটি।

****************************

**WAVES 2025- Poster Comics :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে আগামী পয়লা থেকে চৌঠা মে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টার ও জিও ওয়ার্ল্ড গার্ডেন্সে অনুষ্ঠিত হবে ওয়ার্ল্ড অডিও-ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস সম্মেলন। ওয়েভস এর অন্তর্ভুক্ত হয়েছে চলচ্চিত্র পোস্টার তৈরি প্রতিযোগিতাও, যা ডিজিটাল এবং হাতে আঁকা শিল্প প্রদর্শনের সুযোগ করে দিয়েছে। এই প্রতিযোগিতার জন্য ইতোমধ্যে ২৯৬ জন নাম নথিভুক্ত করেছেন। আগামী ৫ই মার্চ পর্যন্ত নাম নথিভুক্ত করা যাবে।

ডিজিটাল ও হাতে আঁকা পোস্টার- এই দুই বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। নির্বাচিত ২০টি ডিজিটাল পোস্টার ওয়েভস সামিটে প্রদর্শিত হবে। এর মধ্যে সেরা ৩ জন পাবেন নগদ পুরস্কার ও ডিজিটাল সার্টিফিকেট।

এছাড়া, নির্বাচিত ২৫ জন শিল্পী লাইভ ইভেন্টে প্রতিদ্বন্দ্বিতা করবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে তাঁদের হাতে আঁকা পোস্টার তৈরি করতে হবে। এর মধ্যে থেকে বেছে নেওয়া হবে সেরা তিনজনকে। প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৩০ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার ১০ হাজার টাকা দেওয়া হবে। তাছাড়া বাকি অংশগ্রহণকারীদের নগদ পুরষ্কারের পাশাপাশি দেওয়া হবে ডিজিটাল সার্টিফিকেট।

এছাড়াও, প্রতিযোগিতার আসরে থাকছে কমিক ক্রনিকলস। এই চ্যালেঞ্জের অংশ নিতে ড্যাশটুন মোবাইল অ্যাপে এআই ভিত্তিক কমিকস তৈরি ও উপস্থাপনের জন্য আহবান জানিয়েছে ওয়েভস আয়োজকরা। এর জন্য ১৫ই মার্চ পর্যন্ত রেজিস্ট্রেশন করা যাবে।

*********************************

**Minister Tinku Roy :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা আগামী মাসের প্রথম সপ্তাহে কৈলাশহরে বিভিন্ন উন্নয়নমূলক কাজের শিলান্যাস করবেন। এই অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে আজ জেলাশাসক কার্যালয়ে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসকদ্বয় এল, দারলং ও অর্ঘ্য সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Assam :**

গুয়াহাটিতে অ্যাডভান্টেজ আসাম দ্বিতীয় পর্বের বিনিয়োগ ও পরিকাঠামো শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আসাম এখন সীমাহীন সম্ভাবনার কেন্দ্র এবং দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতের প্রবেশদ্বার।

কূটনীতিক, বিশিষ্ট শিল্পপতি এবং বিদেশী প্রতিনিধিদের এক বিশাল সমাবেশের সামনে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে আসাম পূর্ব ভারতের একটি উৎপাদন কেন্দ্র হবে এবং শিল্পপতিদের এই কৌশলগত অবস্থানের সুবিধা গ্রহণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী জানান যে তাঁর সরকার এই অঞ্চলে সংযোগ, পরিকাঠামো উন্নয়ন এবং স্থানীয় সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করার জন্য কাজ করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, ভারত কম খরচের উৎপাদন প্রক্রিয়ার জন্য একটি মিশন মোডে কাজ করছে প্রধানমন্ত্রী বলেন, গত কয়েক বছরে কেন্দ্র ও রাজ্য সরকার বেশ কয়েকটি শান্তি চুক্তি স্বাক্ষর করায় আসামের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। প্রধানমন্ত্রী জানান আসাম সরকার ব্যবসা-বাণিজ্য সহজ করার পরিবেশ তৈরি করেছে, শিল্পের জন্য সর্বকালের সেরা নীতিমালা তৈরি করেছে এবং ২০৩০ সালের মধ্যে ১.৫ বিলিয়ন অর্থনীতিতে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। তিনি বলেন, কেন্দ্র রাজ্য সরকারকে ক্রমাগত সহায়তা প্রদান করছে। ভারতের অর্থনৈতিক উন্নয়নে আসাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে এবং এই শীর্ষ সম্মেলন আসাম এবং উত্তরপূর্বাঞ্চলের জন্য নতুন সূচনা বলে প্রধানমন্ত্রী অভিমত প্রকাশ করেন।

#######Byte-PM#######

দুই দিনব্যাপী এই শীর্ষ সম্মেলনে উদ্বোধনী অধিবেশন ছাড়া মন্ত্রী পর্যায়ের অধিবেশন এবং ১৪টি বিষয়ভিত্তিক অধিবেশন অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে শিল্প বিবর্তন, বৈশ্বিক বাণিজ্যে অংশীদারিত্ব এবং আসামের প্রাণবন্ত এমএসএমই ক্ষেত্রের উপর আলোকপাত করা হবে।

আসামের রাজ্যপাল এলপি আচার্য, বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, বন্দর জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চলীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং ৬১ জন কূটনীতিক, বিভিন্ন দেশের ব্যবসায়িক প্রতিনিধিদল, শিল্প বিশেষজ্ঞরা এই অধিবেশনে অংশগ্রহণ করবেন।কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবও আজ অ্যাডভান্টেজ আসাম দ্বিতীয় পর্বের শীর্ষ সম্মেলনের অধিবেশনে যোগ দিচ্ছেন।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাও আজ এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন। তিনি বলেন সম্মেলনে আগত দেশের শিল্পপতিদের সঙ্গে মতবিনিময়, বিকশিত ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে।

************************

**Mahakumbha :**

এখন শুনবেন মহাকুম্ভের খবর।

#######Sound Byte########

আগামীকাল মহাকুম্ভের শেষ দিন, মহা শিবরাত্রি। প্রয়াগরাজের মহাকুম্ভে আজ সকাল থেকে বিকেল ৪টা পর্যন্ত ৯৭ লক্ষ্য ২১ হাজারেরও বেশি মানুষ স্নান করেছে। ১৩ই জানুয়ারী থেকে এখনও পর্যন্ত ৪৪ দিনে ৬৪ কোটি ৩৩ লক্ষেরও বেশি ভক্ত পুণ্য স্নান করেছেন। নজরদারির জন্য আজ বিমান বাহিনী মোতায়েন করা হয়। ভিড়ের কথা বিবেচনা করে, প্রশাসন আজ সন্ধ্যা ৬টা থেকে প্রয়াগরাজ শহরকে নো-ভেহিক্যাল জোন হিসেবে ঘোষণা করেছে। একই সঙ্গে, মেলা এলাকাটি বিকাল ৪টে থেকে যানবাহন নিষিদ্ধ অঞ্চলে পরিণত হয়।

#######Sound Byte########

******************************

**Awareness Programme :**

২০২৭ সালের মধ্যে সিপাহীজলা জেলাকে বাল্যবিবাহমুক্ত জেলা হিসেবে ঘোষণা করার লক্ষ্যে কাজ চলছে। আজ মোহনভোগ ব্লকের তেলকাজলা কমিউনিটি হলে আয়োজিত বাল্যবিবাহ ও Teenage pregnancy বিষয়ক এক সচেতনতামূলক কর্মশালায় একথা বলেছেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক ডি গোয়েল। তিনি বলেন, সিপাহীজলা জেলায় বাল্যবিবাহের হার ৫১ শতাংশ। গোটা দেশের মধ্যে এই হার ওপরের সারিতে। বাল্যবিবাহ ও কিশোরীকালীন গর্ভাবস্থা নির্মূলীকরনে জেলা প্রশাসনের উদ্যোগে গ্রহণ করা হয়েছে মিশন সংকল্প নামে প্রচারণা কর্মসূচির মাধ্যমে। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, সোনামুড়ার মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা প্রমুখ। ব্লক এলাকার মোট ৫টি গ্রামের সাধারণ মানুষের পাশাপাশি, ছাত্র-ছাত্রী, আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীরা এই কর্মশালায় উপস্থিত ছিলেন।

*******************************

**BJP Press Meet :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩১৫টি পদে লোক নিয়োগের জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়ায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে অভিনন্দন জানিয়েছে প্রদেশ বিজেপি। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী। তিনি জানান, বন্যা ত্রাণে কেন্দ্রীয় সরকার সম্প্রতি আরো অর্থ বরাদ্দ করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকেও অভিনন্দন জানিয়েছে প্রদেশ বিজেপি।

*******************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার মহিলা বিভাগের গ্রুপের খেলায় আজ ত্রিপুরা পুলিশ পরাজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় তামিলনাড়ু পুলিশ ৬-০ গোলে ত্রিপুরা পুলিশ দলকে হারায়। এদিকে, গতরাতে পুরুষ বিভাগে ডি-গ্রুপের

খেলায় ত্রিপুরা পুলিশ ৩-০ গোলে তেলেঙ্গানা পুলিশ দলকে হারিয়ে দেয়। মোট পাঁচটি মাঠে দু'বেলা বিভিন্ন গ্রুপের খেলা চলছে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************